**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# হ্যাম্পস্টিড লেক স্টেট পার্কে আরো উন্নত সর্বসাধারণের অ্যাক্সেসের কথা ঘোষণা করেছেন গভর্নর হোকল

## *নতুন হাইকিং ট্রেইল, মচ ধরার পার এবং কায়াক লঞ্চ সহ 35 মিলিয়ন ডলারের উন্নয়ন প্রকল্পের অগ্রগতি অব্যাহত*

## *ছবি পাওয়া যাবে এখানে*

গভর্নর ক্যাথি হোকল আজ লং আইল্যান্ডের হেম্পস্টিড লেক স্টেট পার্কে 3.6 মিলিয়ন ডলারের উন্নতির কাজ সমাপ্তির ঘোষণা করেছেন যা পার্কটি এবং সেই একই নামের হ্রদটির, যা নাসাউ কাউন্টির সব চেয়ে বড় মিঠা পানির জলাশয়, অ্যাক্সেসযোগ্যতা বাড়ায় জনসাধারণের জন্য। প্রকল্পটিতে হাইকিং, বাইক চালানো এবং ঘোড়ার পিঠে চড়ার জন্য 4.75 মাইল ট্রেইল তৈরি করা এবং কায়াক লঞ্চ এবং ফিশিং পিয়ার সহ হ্রদ এবং পুকুরের সাথে উন্নত সংযোগ অন্তর্ভুক্ত ছিল।

"এই উন্নতিগুলি লং আইল্যান্ডের পরিবারগুলির জন্য বহিরঙ্গন বিনোদনের জন্য অত্যন্ত প্রয়োজনীয় অ্যাক্সেসকে প্রসারিত করবে, সম্প্রদায়কে ভবিষ্যতের ঝড়ের জন্য আরও স্থিতিস্থাপক করে তোলার সাথে," **গভর্নর হোচুল বলেন।** "হেম্পস্টিড লেক স্টেট পার্কের চলমান রূপান্তর হিউলেট উপসাগরকে রক্ষা করতে, বন্যার ঝুঁকি কমাতে, দর্শনার্থীদের উন্নত বিনোদনের সুযোগ প্রদান করতে এবং লং আইল্যান্ডবাসীদের পরবর্তী প্রজন্মকে এই অঞ্চল যে পরিবেশগত চ্যালেঞ্জের মুখোমুখি হয় সে সম্পর্কে শিক্ষিত করতে সাহায্য করবে।"

পার্কে সম্প্রতি সম্পন্ন করা কাজ যা এখন জনসাধারণের জন্য উন্মুক্ত রয়েছে তার মধ্যে রয়েছে:

- বর্ধিত মাছের বাসস্থানের জন্য আলোর ছিদ্র সহ ডেক সহ হেম্পস্টিড লেকে একটি নতুন ADA সম্মত ফিশিং পিয়ার;
- একটি নতুন 20-ফুট পর্যবেক্ষণ টাওয়ার যা প্যানোরামিক ভিউ প্রদান করে:
- একটি নতুন উন্নত হাঁটার পথ যা টাওয়ারে ADA অ্যাক্সেস প্রদান করে;
- একটি ড্রপ-অফ র‍্যাম্প সহ একটি নতুন ADA সম্মত কায়াক লঞ্চ;
- সোলার ফ্ল্যাশিং স্টপ সাইন সহ দুটি উত্থিত ক্রসওয়াক;
- অশ্বারোহণের জন্য অনুকূলকৃত পাথরের ধুলো সহ নতুন 10-ফুট প্রশস্ত পথ: এবং

- নতুন সিঁড়ি এবং হ্যান্ড্রাইলগুলি জনসাধারণের জন্য নিরাপদে হ্রদের প্রবেশাধিকার প্রদান করে।

উন্নতিসাধনগুলি হল হেম্পস্টিড লেক স্টেট পার্কের 47 মিলিয়ন ডলারের রূপান্তরের অংশ, যা 35 মিলিয়ন ডলারের মার্কিন ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (U.S. Department of Housing and Urban Development, HUD) অনুদান এবং 12 মিলিয়ন ডলারের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation) (স্টেট পার্ক (State Parks)) ক্যাপিটাল ফান্ড দ্বারা সমর্থিত। এই প্রকল্পটি স্টেট পার্কস, গভর্নরের অফিস অফ স্টর্ম রিকভারি (Governor's Office of Storm Recovery), HUD, মার্কিন আর্মি কর্পস অফ ইঞ্জিনিয়ার্স (U.S. Army Corps of Engineers), মার্কিন এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (U.S. Environmental Protection Agency), এবং মার্কিন ফিশ অ্যান্ড ওয়াইল্ডলাইফ সার্ভিস (U.S. Fish and Wildlife Service) এর সাথে একটি অংশীদারিত্বের ফলাফল। এই প্রকল্পটি গভর্নরের স্টর্ম রিকভারির অফিসের 125 মিলিয়ন ডলারের লিভিং উইথ দ্য বে উদ্যোগের অংশ মিল নদীর তীরে এবং সাউথ শোর বেজের আশেপাশে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করার জন্য ঝড়ের উচ্ছাসের ফলে হওয়া ক্ষয়ক্ষতি কমিয়ে আনার জন্য; সাধারণ বৃষ্টির ঘটনা থেকে ক্ষতি কমানোর জন্য; বাসস্থান এবং জলের গুণমান উন্নত করার জন্য; এবং শিক্ষাগত এবং বর্ধিত বিনোদনমূলক সুযোগের মাধ্যমে মিল নদীতে প্রবেশাধিকার বৃদ্ধি করার জন্য।

**স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসিড বলেন,** "HUD এবং গভর্নরের অফিস অফ স্টর্ম রিকভারি থেকে সহায়তা এই জনপ্রিয় পার্কটিকে, যা গত দশকে 3.5 মিলিয়নেরও বেশি দর্শকদের আকর্ষণ করেছে, এই ভারী জনবহুল অঞ্চলে স্বাস্থ্যকর এবং নিরাপদ বহিরঙ্গন বিনোদনের জন্য আরও আকর্ষণীয় গন্তব্য করে তুলেছে। আশেপাশের সম্প্রদায়গুলিকে বন্যার হাত থেকে রক্ষা করতে সাহায্য করার জন্য আরও কাজ চলছে যা মানব-প্ররোচিত জলবায়ু পরিবর্তনের অংশ চরম আবহাওয়াকে আরও ভালভাবে মোকাবেলা করার জন্য এটিকে নতুন আকার দেবে।"

**গভর্নর অফিস অফ স্টর্ম রিকভারির নির্বাহী পরিচালক কেটি ব্রেনান বলেন,** "পার্কগুলি আমাদের সব চেয়ে গুরুত্বপূর্ণ পরিবেশগত সম্পদগুলির মধ্যে একটি। হেম্পস্টিড লেক স্টেট পার্কের এই উন্নতিগুলি স্থিতিস্থাপকতা বাড়ায়, বিনোদনের অ্যাক্সেস প্রসারিত করে এবং প্রকৃতি এবং জলাশয়ের সাথে সম্প্রদায়ের সামাজিক সংযোগকে শক্তিশালী করে। আমরা গর্বিত যে পার্কটি একটি উদাহরণ হিসাবে কাজ করছে কিভাবে নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের সাথে মানিয়ে নেওয়ার পথে নেতৃত্ব দিচ্ছে এবং আমাদের পরবর্তী প্রজন্মের স্থিতিস্থাপক নেতা তৈরি করছে।"

**সিনেটর চাক শুমার বলেছেন,** "হারিকেন স্যান্ডির প্রেক্ষাপটে, আমি নিউ ইয়র্ক জুড়ে সবুজ, স্থিতিস্থাপক পরিকাঠামোর জন্য বহু বিলিয়ন ডলার ফেডারেল বিনিয়োগ পাওয়ার জন্য কঠোর লড়াই করেছি, যার মধ্যে 125 মিলিয়ন ডলার মিল রিভার ওয়াটারশেডের জন্য উৎসর্গ করা হয়েছে, এবং সেই অর্থের বেশিরভাগই হেম্পস্টিড লেক স্টেট পার্কের উন্নতিসাধনে ব্যয় করা হয়েছে। এই তহবিলগুলি কেবল পার্ক এবং আশেপাশের সম্প্রদায়গুলিকে আরও স্থিতিস্থাপক করে তুলছে তাই নয়, তারা জনসাধারণের নিরাপত্তা এবং অ্যাক্সেসের উন্নতি করছে যাতে আরও

লং আইল্যান্ডবাসীরা গ্রীষ্মের জন্য ঠিক সময়ে পার্কের বিনোদনের সকল সম্ভারের সুবিধা গ্রহণ করতে পারে। আমি গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট পার্কের কাজের প্রশংসা করি, সেই সাথে সমস্ত স্থানীয়, রাজ্য এবং ফেডারেল অংশীদারদের কাজেরও যারা এই উন্নতিগুলিকে সম্ভব করেছে।"

**সিনেটর কার্স্টেন গিলিব্র্যান্ড বলেছেন,** "হেম্পস্টিড লেক স্টেট পার্ক লং আইল্যান্ডের একটি সম্পদ এবং আমি নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন এবং ঐতিহাসিক সংরক্ষণকে সাধুবাদ জানাই পার্কে তারা যে গুরুত্বপূর্ণ যোগদানগুলি করেছেন তার জন্য। হেম্পস্টিড লেক স্টেট পার্কের আপগ্রেডগুলি লং আইল্যান্ডের বাসিন্দাদের জন্য অ্যাক্সেসযোগ্যতা বাড়িয়ে তুলবে, আরও অনেক দর্শনার্থীকে এর মনোরম সবুজ স্থান, মাইলের পর মাইল দুঃসাহসিক অভিযান এবং স্বাস্থ্যকর বিনোদনমূলক কার্যকলাপ উপভোগ করতে দেবে।"

**প্রতিনিধি ক্যাথলিন রাইস বলেন,** "হেম্পস্টিড লেক স্টেট পার্ক সমস্ত লং আইল্যান্ডের উপভোগ করার জন্য প্রয়োজনীয় বহিরঙ্গন বিনোদনের স্থান সরবরাহ করে। আমি খুবই আনন্দিত যে আমরা এই সর্বজনীন ভূখণ্ডকে নিরাপদ, পরিষ্কার এবং অ্যাক্সেসযোগ্য রাখার জন্য বিনিয়োগ করছি।"

**রাজ্য সিনেটর কেভিন টমাস বলেছেন,** "হেম্পস্টিড লেক স্টেট পার্ক একটি অত্যাবশ্যক পরিবেশগত সংস্থান এবং গুরুত্বপূর্ণ বিনোদনের এলাকা, উভয়ই, যা প্রতি বছর কয়েক হাজার নাসাউ কাউন্টির বাসিন্দা এবং দর্শকরা উপভোগ করেন। এই উন্নতিগুলি নিশ্চিত করবে যে বাসিন্দারা আগামী বহু প্রজন্ম ধরে এই সুন্দর সবুজ স্থান উপভোগ করতে পারবেন। আমি নিউ ইয়র্ক স্টেট পার্কসকে ধন্যবাদ জানাই আমাদের মূল্যবান প্রাকৃতিক সংস্থানসমূহ এয়ঙ্গরক্ষণ করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের জীবন যাত্রার মান উন্নত করার জন্য তাদের অব্যাহত অংশীদারিত্ব এবং আত্মোৎসর্গের জন্য।"

**বিধানসভার সদস্য টেলর ডার্লিং বলেছেন,** "আমি আনন্দিত যে হেম্পস্টিড লেক স্টেট পার্ক অ্যাক্সেসযোগ্যতা উন্নত করার জন্য মেরামত এবং পরিবর্তনগুলি সম্পন্ন করেছে যাতে সমস্ত নিউ ইয়র্কবাসী আমাদের সুন্দর পার্ক উপভোগ করতে পারেন। পিপল উইথ ডিজেবিলিটিজ কমিটির প্রথম প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে এই উন্নতিগুলি খুবই প্রয়োজনীয়। এই বিশাল উন্নতিগুলি আগামী বছরগুলির জন্য আরও ভালো অভিযান উৎসাহিত করবে। আমি সবাইকে ধন্যবাদ জানাতে চাই যারা এই অগ্রগতিগুলিকে সম্ভব করেছেন, বিশেষ করে আমাদের পার্ক বিভাগকে, আপনারা দুর্দান্ত! এটি জড়িত সকলের জন্য একটি দুর্দান্ত প্রাপ্তি!"

**বিধানসভার সদস্য জুডি গ্রিফিন বলেছেন,** "হেম্পস্টিড লেক স্টেট পার্কের অসামান্য প্রকল্পগুলি সব বয়সের মানুষের জন্য মজাদার বিনোদনমূলক ক্রিয়াকলাপগুলির সাথে ফলপ্রসূ হতে দেখে আমি খুব উত্তেজিত। অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট 21-এর বাসিন্দারা এবং দর্শনার্থীরা একটি নতুন ফিশিং পিয়ার এবং কায়াক লঞ্চ সহ সুন্দর নতুন হাইকিং, বাইক চালানো এবং ঘোড়ার পিঠে চড়ার পথ উপভোগ করবেন। আমাদের সম্প্রদায়ে এই আদিম স্টেট পার্কটি পেয়ে আমরা খুবই সৌভাগ্যবান এবং আমি গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট পার্ক এবং জনসাধারণের কাছে এই

উন্নতি, আপগ্রেড এবং অ্যাক্সেসযোগ্যতা প্রদানের সাথে জড়িত সমস্ত সংস্থাকে ধন্যবাদ জানাই। আমি হেম্পস্টিড লেক স্টেট পার্কের 47 মিলিয়ন ডলারের রূপান্তরের অংশ সকল ভবিষ্যতের প্রকল্পগুলির সমাপ্তির জন্য সাগ্রহে অপেক্ষারত।"

লং আইল্যান্ডের একমাত্র উচ্চ ঝুঁকির বাঁধ - হেম্পস্টিড লেক ড্যামকে স্থিতিশীল করার জন্য চলমান উন্নতিসাধনগুলি বর্তমানে চলছে। হেম্পস্টিড লেক গেটহাউস এবং সাউথ পন্ড ইনলেট হাউস বর্তমানে সংস্কার করা হচ্ছে, যেখানে হেম্পস্টিড লেকের সুবিধা নতুন কার্যকর স্লুইস গেট পাবে যা পার্কের কর্মীদের ঝড়ের আগে এবং চলাকালীন লেকের জলের স্তর নিয়ন্ত্রণ করতে দেবে। রাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) সুরক্ষা বিধি মানার জন্য বাঁধের পাথরের পৃষ্ঠতলের মেরামতেরও পরিকল্পনা করা হয়েছে। এই উন্নতিগুলি সেপ্টেম্বর 2022 এর মধ্যে সম্পন্ন হওয়ার কথা রয়েছে।

2022 সালের ডিসেম্বরের জন্য পরিকল্পিত ট্রেইলের উন্নতির মধ্যে একটি নতুন 10-ফুট চওড়া স্টোন ডাস্ট গ্রিনওয়ে ট্রেইল অন্তর্ভুক্ত রয়েছে যা পার্কের মধ্য দিয়ে টানা উত্তর থেকে দক্ষিণ ট্রেইল সিস্টেম প্রদান করবে, সেই সাথে একটি নতুন 8-ফুট চওড়া পাথরের ধুলোর জলাভূমির ট্রেইল প্রদান করবে।

প্রকল্পের আরো কাজ যা 2022 সালের ডিসেম্বরে শেষ হবে বলে আশা করা হচ্ছে, তাতে মিল নদীর বন্যার ঝুঁকি কমাতে এবং হিউলেট বেতে প্রবেশকারী দূষণ কমাতে পার্কের উত্তরের পুকুরের উন্নতিসাধন অন্তর্ভুক্ত। কাজের মধ্যে রয়েছে একটি গেটওয়ে প্রবেশদ্বার হিসাবে কাজ করার জন্য একটি নতুন ঈগল এভিনিউ পার্কিং এর জায়গা, উত্তর-পশ্চিম পুকুরের বাঁধ মেরামত, নতুন নিষ্কাশন কালভার্ট, দুটি নতুন স্টিলের পথচারীদের সেতু, উত্তর-পূর্ব পুকুরের দিকে মুখ করা একটি পর্যবেক্ষণের ডেক, পুকুর এলাকায় আশেপাশের অত্যন্ত নগরায়িত এলাকা থেকে ভাসমান ধ্বংসাবশেষ প্রবেশ করা বন্ধ করতে সেগুলি সংগ্রহ করার ব্যবস্থা, বর্ধিত উদ্ভিদ ও প্রাণীর জীববৈচিত্র্যকে সমর্থন করার জন্য স্থানীয় প্রজাতি স্থাপন করে আক্রমণাত্মক প্রজাতির অপসারণ, এবং নিকটবর্তী সাউথ স্টেট পার্কওয়ে থেকে ঝড়ের জল ফিল্টার করার জন্য নতুন জলাভূমি এবং চ্যানেল তৈরি করা।

গত সেপ্টেম্বরে, গভর্নর হোকল এই প্রকল্পের অধীনে পার্কের 8.3 মিলিয়ন ডলারের এনভায়রনমেন্টাল এডুকেশন অ্যান্ড রেজিলিয়েন্সি সেন্টার (Environmental Education and Resiliency Center) খুলেছিলেন। 8,000 বর্গফুটের কেন্দ্রটি ঝড়ের স্থিতিস্থাপকতা এবং পরিবেশ ব্যবস্থাপনার বিষয়ে হাতে-কলমে শিক্ষা প্রদান করে; সম্প্রদায়ের প্রচারের জন্য স্থান প্রদান করে; এবং দুর্যোগ প্রতিক্রিয়ার সময় জরুরী সমন্বয় কেন্দ্র হিসেবে কাজ করে।

পার্কের নতুন এনভায়রনমেন্টাল এডুকেশন অ্যান্ড রেজিলিয়েন্সি সেন্টারে প্রদর্শনী এবং তথ্য রয়েছে যা জলবায়ু পরিবর্তনের প্রভাব, সম্প্রদায়ের স্থিতিস্থাপকতার প্রক্রিয়া, এবং পরিবেশগত স্টুয়ার্ডশিপ ব্যাখ্যা করে এবং একটি ডেক অন্তর্ভুক্ত যা হেম্পস্টিড লেকের সম্মুখীন। অতিরিক্ত বছরব্যাপী শিক্ষার প্রোগ্রামিং মিল নদীর জলাশয়ের সাথে সম্প্রদায়ের সম্পর্ককে উন্নত করবে।

কেন্দ্রটি পরিবেশগত শিক্ষা, অলাভজনক সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান এবং সম্প্রদায় সংগঠনের জন্য কমিউনিটি স্পেস অন্তর্ভুক্ত করে। নাসাউ কাউন্টি পুলিশ এনফোর্সমেন্ট এক্সপ্লোরার প্রোগ্রাম (Nassau County Law Enforcement Explorer Program), যা নাসাউ কাউন্টি পুলিশ বিভাগের (Nassau County Police Department) দ্বারা পরিচালিত, স্থানীয় সম্প্রদায়ের প্রচারের জন্য, গ্যাং সহিংসতা মোকাবেলা করে তরুণদের মেন্টরিং এবং শিক্ষার মাধ্যমে ইতিবাচকভাবে জড়িত করার জন্য কেন্দ্রটি ব্যবহার করার পরিকল্পনা করে। এই সুবিধাটি প্রথম প্রতিক্রিয়াকারীদের জন্য স্থানীয় দুর্যোগ প্রতিক্রিয়া সমন্বয়ের জন্য একটি ঝড়ের প্রতিক্রিয়ার "কমান্ড পোস্ট" হিসাবে কাজ করতে পারে, সেই সাথে ইউটিলিটি কোম্পানিগুলির জন্য একটি সরঞ্জাম সমন্বয়ের এলাকা হিসেবে কাজ করে, গুরুত্বপূর্ণ ইউটিলিটি পুনর্বহাল করার জন্য তাদের জরুরী প্রতিক্রিয়াকে সমৃদ্ধ করে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250 টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর দেখভালের দায়িত্বে রয়েছে যা দেখার জন্য 2021 সালে রেকর্ড সংখ্যক 78.4 মিলিয়ন মানুষের আনাগোনা ঘটে। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম এবং টুইটারে আমাদের সাথে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন